

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ট্রেজারি ব্যবস্থাপনা অধিশাখা।

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০২ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

সিনিয়র অর্থ সচিব জনাব হেদায়েতুল্লাহ আল মামুন স্বাক্ষরিত ২ (দুই) টাকা মূল্যমানের
কারেন্সি নোট ইস্যু।

নং ০৭.১৪২.০০৫.০০.০০.০০১০.১২-১১৭—২ (দুই) টাকার কারেন্সি নোটে সিনিয়র অর্থ
সচিব জনাব হেদায়েতুল্লাহ আল মামুন এর স্বাক্ষর সংযোজন করে নূতন নোট মুদ্রণ করা হয়েছে যা
আগামী ১৫-১০-২০১৭ তারিখ রোজ রবিবার বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস হতে ইস্যু করা
হবে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসেও নোটটি পাওয়া যাবে।

উল্লিখিত কারেন্সি নোটের রং, পরিমাপ, জলছাপ, ডিজাইন ও অন্যান্য নিরাপত্তা বৈশিষ্ট্য বর্তমানে
প্রচলিত নোটের অনুরূপ হবে। নূতন মুদ্রিত কারেন্সি নোটের পাশাপাশি বর্তমানে প্রচলিত থাকা
২ (দুই) টাকা মূল্যমানের কাগজে নোট এবং ধাতব মুদ্রাও লিগ্যাল টেন্ডার হিসেবে যুগপৎ চালু
থাকবে।

মফিজ উদ্দীন আহমেদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১০৬৩৯)
মূল্য : টাকা ৪০০